# ইউনিয়ন পরিষদের বাধ্যতামূলক কার্যাবলী

| | |
|---|---|
| ১ | পাঁচশালা ও বিভিন্ন মেয়াদী উন্নয়ন পরিকল্পনা তৈরী। |
| ২ | পল্লী অবকাঠামো উন্নয়ন, সংরক্ষণও রক্ষণাবেক্ষণ । |
| ৩ | শিক্ষাএবং প্রাথমিক ও গণশিক্ষাকার্যক্রমসম্পর্কিত। |
| ৪ | স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা সম্পর্কিত কার্যক্রমবাসস্তবায়ন। |
| ৫ | কৃষি, মৎস্য ও পশুসম্পদ ও অন্যান্য অর্থনৈতিক উন্নয়নের প্রয়োজনীয় কার্যক্রমগ্রহণ। |
| ৬ | মহামারী নিয়ন্ত্রণ ও দুর্যোগ ব্যবস্থাপনায় প্রয়োজনীয় কার্যক্রমগ্রহণ। |
| ৭ | কর, ফি, টোল, ফিস ইত্যাদি ধার্যকরণ ও আদায়। |
| ৮ | পারিবারিক বিরোধ নিরসন, নারী ও শিশু কল্যাণ সম্পর্কিত প্রয়োজীয় কার্যক্রমসম্পাদন। |
| ৯ | খেলাধুলা, সামাজিক উন্নত সংস্কৃতি ইত্যাদি কার্যক্রমে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ ও সহযোগিতা প্রদান। |
| ১০ | পরিবেশ উন্নয়নেও সংরক্ষণেপ্রয়োজীয় ব্যবস্থা গ্রহণ। |
| ১১ | আইন শৃংখলা রক্ষায়সরকারের অর্পিত দায়িত্ব পালন ও প্রয়োজনীয় কার্যক্রমগ্রহণ। |
| ১২ | জন্ম-মৃত্যু নিবন্ধীকরণ। |
| ১৩ | সরকারি স্থান, উন্মুক্ত জায়গা, উদ্যান ও খেলার মাঠের হেফাজত করা। |
| ১৪ | ইউনিয়ন পরিষদের রাস্তায়ও সরকারি স্থানে বাতি জ্বালানো। |
| ১৫ | বৃক্ষরোপণও সংরক্ষণ এবং বৃক্ষ সম্পদচুরি ও ধ্বংস প্রতিরোধ। |
| ১৬ | কবরস্থান, শ্মশান, জনসাধারণের সভার স্থান ও অন্যান্য সরকারি সম্পত্তির রক্ষণাবেক্ষণও পরিচালনা। |
| ১৭ | জনপথ, রাজপথ ও সরকারি স্থানে অনধিকার প্রবেশ রোধ এবং এইসব স্থানে উৎপাত ও তাহার কারণ বন্ধ করা। |
| ১৮ | জনপথ ও রাজপথের ক্ষতি, বিনষ্ট বা ধ্বংস প্রতিরোধ করা। |
| ১৯ | গোবর ও রাসত্মার আবর্জনা সংগ্রহ, অপসারণ ও ব্যবস্থাপনা নিশ্চিত করা। |
| ২০ | অপরাধমূলক ও বিপজ্জনক ব্যবসা নিয়ন্ত্রণ। |
| ২১ | মৃত পশুর দেহ অপসারণ ও নিয়ন্ত্রণ এবং পশু জবাই নিয়ন্ত্রণ। |
| ২২ | ইউনিয়নে নতুন বাড়ি, দালান নির্মাণ ও পুনঃনির্মাণ এবং বিপজ্জনক দালান নিয়ন্ত্রণ। |

## ইউনিয়ন পরিষদের বাধ্যতামূলক কার্যাবলী

| | |
|---|---|
| ২৩ | কূয়া, পানি তোলার কল, জলাধার, পুকুর এবং পানি সরবরাহের অন্যান্য উৎসের ব্যবস্থাপনা ও সংরক্ষণ। |
| ২৪ | খাবার পানির উৎসের দূষণ রোধ এবং জনস্বাস্থ্যের জন্যক্ষতিকরসন্দেহযুক্ত কূপ, পুকুর বা পানি সরবরাহের অন্যান্য স্থানের পানি ব্যবহার নিষিদ্ধ করা। |
| ২৫ | খাবার পানির জন্য সংরক্ষিতকূপ, পুকুর বা পানি সরবরাহের অন্যান্য স্থানে বা নিকটবর্তী স্থানে গোসল, কাপড় কাঁচা বা পশু গোসল করানো নিষিদ্ধ বা নিয়ন্ত্রণ করা। |
| ২৬ | পুকুর বা পানি সরবরাহের অন্যান্য স্থানে বা নিকটবর্তী স্থানে শন, পাট বা অন্যান্য গাছ ভিজানো নিষিদ্ধ বা নিয়ন্ত্রণ করা। |
| ২৭ | আবাসিক এলাকার মধ্যে চামড়া রং করা বা পাকা করা নিষিদ্ধ বা নিয়ন্ত্রণ করা। |
| ২৮ | আবাসিক এলাকার মাটি খনন করিয়া পাথর বা অন্যান্য বস্তুত উত্তোলন নিষিদ্ধ বা নিয়ন্ত্রণ করা। |
| ২৯ | আবাসিক এলাকায় ইট, মাটির পাত্র বা অন্যান্য ভাটি নির্মাণ নিষিদ্ধ বা নিয়ন্ত্রণ করা। |
| ৩০ | অগ্নিড়ব, বন্যা, শিলা বৃষ্টিসহ ঝড়, ভূমিকম্প বা অন্যান্য প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় প্রয়োজনীয় তৎপরতা গ্রহণ ও সরকারকে সার্বক্ষণিকসহায়তা প্রদান। |
| ৩১ | বিধবা, এতিম, গরীব ও দুঃস্থ ব্যক্তিদের তালিকা সংরক্ষণ ও সাহায্য করা। |
| ৩২ | সমবায় আন্দোলন ও গ্রামীণ শিল্পের উন্নয়নও উৎসাহ প্রদান। |
| ৩৩ | বাড়তি খাদ্য উৎপাদনের ব্যবস্থা গ্রহণ। |
| ৩৪ | গবাদি পশুর খোয়াড় নিয়ন্ত্রণ ও রক্ষণাবেক্ষণেরব্যবস্থা করা। |
| ৩৫ | প্রাথমিক চিকিৎসা কেন্দ্রের ব্যবস্থা করা। |
| ৩৬ | ইউনিয়নের বাসিন্দাদের নিরাপত্তা, আরাম-আয়েশ বা সুযোগ সুবিধার জন্য প্রয়োজনীয় অন্যান্য ব্যবস্থা গ্রহণ। |
| ৩৭ | ই-গভর্ণেন্স চালু ও উৎসাহিতকরণ। |
| ৩৮ | ইউনিয়ন পরিষদের মত সদৃশ কাজে নিয়োজিত অন্যান্য সংস্থার সাথে সহযোগিতা সম্প্রসারণ। |
| ৩৯ | সরকার কর্তৃক সময়ে সময়ে আরোপিত দায়িত্বাবলী। |

বিভিন্ন সমস্যার সমাধান, গ্রাম আদালত, শালিস, উন্নয়ন, প্রকল্প বাস্তবায়ন, সরকারের পরিকল্পনা ও প্রকল্প বাস্তবায়ন, বিভিন্ন সেবা প্রদান, নাগরিক সনদ, ওয়ারিশ সনদ, মৃত্যু সনদসহ বিভিন্ন প্রত্যয়নপত্র প্রদান, নিরাপদ পানি সরবরাহ, শিক্ষা কার্যক্রম পরিচালনা, আইন-শৃঙ্খলা রক্ষা, রাস্তা-ঘাট, পুল-কালভার্ট নির্মাণ ইত্যাদি।